ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

নাগরিক সেবায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার:

ভূমিকা, সম্ভাবনা ও চ্যালেঞ্জ

৩ ডিসেম্বর ২০১৭

প্রেক্ষাপট : ইউডিসি'র ক্রমবিকাশ

- সরকারি, বাণিজ্যিক এবং বিভিন্ন তথ্য সেবা ই-সার্ভিসের মাধ্যমে প্রান্তিক জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২০০৯ সালে ইউনিয়ন ইনফরমেশন এন্ড সার্ভিস সেন্টার (ইউআইএসসি) প্রতিষ্ঠা যা পরবর্তীতে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) হিসেবে নামকরণ

- ২০১০ সাল থেকে ৪,৫৫৪টি ইউনিয়ন পরিষদে 'ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' হিসেবে সরকারি- বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে ইউডিসি'র সম্প্রসারণ

- ষষ্ঠ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২১ (Perspective Plan 2010-21) – এ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সরকারের বিভিন্ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, দ্রুত ও উন্নত সেবা প্রদান এবং দুর্নীতি প্রতিরোধের ওপর গুরুত্ব আরোপ

- জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০-এর অভীষ্ট ১৬ (শান্তি, ন্যায়বিচার, শক্তিশালী প্রতিষ্ঠান) অর্জনে সকল পর্যায়ে তথ্য-প্রযুক্তির ব্যবহার স্বচ্ছ, জবাবদিহিমূলক এবং কার্যকর প্রতিষ্ঠান তৈরিতে সহায়ক হিসেবে বিবেচনা করা হয়েছে

- ইউডিসি থেকে ২০১৩-২০১৫ সালে ৪.৫ কোটি (৪৫ মিলিয়ন) জনগণকে সরাসরি সেবা প্রদান

প্রেক্ষাপট: ইউডিসি প্রতিষ্ঠার উদ্দেশ্য

- তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সরকারি, বাণিজ্যিক ও বিভিন্ন তথ্য সেবা গ্রামীণ জনগোষ্ঠীর কাছে সহজলভ্য করা
- সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে সেবা প্রাপ্তির ক্ষেত্রে সময়, মূল্য ও সেবা প্রাপ্তির জন্য গমনের (ভিজিট) হার তুলনামূলকভাবে হ্রাস
- স্থানীয় মানবসম্পদকে দক্ষ ও স্বনির্ভর জনবল হিসেবে গড়ে তোলার প্রয়াস
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মদক্ষতা বৃদ্ধিতে সহযোগী ভূমিকা রাখা
- সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ধারণার আলোকে ইউডিসিকে স্থানীয় পর্যায়ে প্রতিষ্ঠিত করা
- ডিজিটাল সেবা প্রদানের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে প্রযুক্তিগত বৈষম্য হ্রাস

প্রেক্ষাপট: প্রতিষ্ঠাকালীন বরাদ্দ ও ব্যয়

- ইউডিসি'র প্রতিষ্ঠাকালীন মোট বরাদ্দ: ২৭৭.৭৬ কোটি টাকা* (৪০ মিলিয়ন ইউএসডি: ২০০৯-২০১১; ৪৫০১টি ইউডিসি প্রতিষ্ঠার জন্য)
- বরাদ্দের উৎস ও পরিমাণ: বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) - ২৪৩.০৪ কোটি টাকা (৩৫ মিলিয়ন ইউএসডি) এবং ইউএনডিপি'র অর্থায়নে এটুআই প্রকল্প - ৩৪.৭২ কোটি টাকা (৫ মিলিয়ন ইউএসডি)
- ইউডিসি'র যন্ত্রপাতি, আসবাবপত্র এবং বিভিন্ন স্টেশনারিজ ও এক্সেসরিজ ক্রয় বাবদ ব্যয় প্রায় ১৫৫ কোটি টাকা:

ব্যয়ের খাত	ইউডিসি প্রতি গড় খরচ (টাকা)	মোট প্রাক্কলিত খরচ (কোটি টাকা)
যন্ত্রপাতি ক্রয়	২,৯১,০০০	১৩০.৯
আসবাবপত্র ক্রয়	৩৪,০০০	১৫.৩
বিভিন্ন স্টেশনারিজ ও এক্সেসরিজ ক্রয়	১৯,৫০০	৮.৮
মোট	৩,৪৪,৫০০	১৫৫.০

*১ ইউএসডি = ৬৯.৪৪ টাকা (২০০৯-১০)

তথ্যসূত্র: এটুআই প্রকল্পের নথিসমূহ

- উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি, স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় কর্তৃপক্ষের ওরিয়েন্টেশন এবং গণমাধ্যমে প্রচারণার জন্য ব্যয়: ১২২.৭৬ কোটি টাকা

প্রেক্ষাপট: ইউডিসি পরিচালনা ও ব্যবস্থাপনায় অংশীজন

এটুআই প্রকল্প/ প্রধানমন্ত্রীর কার্যালয়:
নীতিগত ও কারিগরি সহায়তা, উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ, অনলাইনে দৈনিক প্রতিবেদনের আলোকে কার্যক্রম তদারকি

ইউপি চেয়ারম্যান ও সচিবের সমন্বয়ে গঠিত ব্যবস্থাপনা কমিটি:
উদ্যোক্তা নির্বাচন, যন্ত্রপাতি ও লজিস্টিকস ক্রয় ও রক্ষণাবেক্ষণে সহায়তা, কার্যক্রম তদারকি

ইউডিসি

উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তর ও জেলা প্রশাসন:
আর্থিক ও কারিগরি সহায়তা, মাঠ পর্যায়ে তদারকি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা:
কারিগরি সহায়তা, প্রশিক্ষণ

যৌক্তিকতা

- তৃণমূল পর্যায়ে নাগরিক সেবা সহজলভ্য করার ক্ষেত্রে এবং সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় ইউডিসি'র উদ্যোগের সফলতা, সম্ভাবনা ও বাস্তবায়নের চ্যালেঞ্জ সম্পর্কে গবেষণার ঘাটতি
- এটুআই প্রকল্পের পক্ষ থেকে এ ধরনের গবেষণা সম্পাদনের জন্য টিআইবি'র কাছে আগ্রহ প্রকাশ
- সরকারের সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে, টিআইবি'র বিভিন্ন গবেষণায় সেবা প্রদানে তথ্য প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ এবং এর প্রসারের জন্য বিভিন্ন অ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা; এরই ধারাবাহিকতায় এই গবেষণা পরিচালিত

গবেষণার উদ্দেশ্য

মূল উদ্দেশ্য

স্থানীয় পর্যায়ে নাগরিক সেবা প্রদানে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (ইউডিসি) সম্ভাবনা ও চ্যালেঞ্জ পর্যালোচনা করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- তৃণমূল পর্যায়ে বিভিন্ন সরকারি, বাণিজ্যিক ও তথ্য সেবা সহজলভ্য করতে ইউডিসি'র ভূমিকা পর্যালোচনা করা
- সেবা কার্যক্রমে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় ইউডিসি'র উদ্যোগের সফলতা ও সম্ভাবনা চিহ্নিত করা
- ইউডিসি'র কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনায় বিদ্যমান চ্যালেঞ্জ বা প্রভাব চিহ্নিত করা
- বিদ্যমান চ্যালেঞ্জ উত্তরণে সুপারিশ প্রণয়ন করা

গবেষণা পদ্ধতি

- মিশ্র গবেষণা পদ্ধতি (পরিমাণগত ও গুণগত)
- তথ্য সংগ্রহের উৎস: প্রত্যক্ষ ও পরোক্ষ

প্রত্যক্ষ তথ্যের ধরন, সংগ্রহ পদ্ধতি ও উৎস

তথ্যের ধরণ	সংগ্রহ পদ্ধতি	তথ্যদাতা
পরিমাণগত	খানা পর্যায়ে জরিপ	জাতীয়ভাবে প্রতিনিধিত্বশীল ৩,০৫৩টি খানা
	ইউপি পর্যায়ে জরিপ	সংশ্লিষ্ট ইউডিসির উদ্যোক্তা: ১০৪ জন
		সংশ্লিষ্ট ইউপি সচিব: ৯১ জন
গুণগত	মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার/দলীয় আলোচনা	ইউপি চেয়ারম্যান, ইউএনও, এডিসি (জেনারেল), এসি (আইসিটি), ডিডিএলজি, প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা, এটুআই প্রকল্পের কর্মকর্তা (দলীয় আলোচনা)

পরোক্ষ তথ্যের উৎস

এটুআই প্রকল্প ও সংশ্লিষ্ট সরকারি দপ্তরসহ বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত গবেষণা প্রতিবেদন, নথি ও ওয়েবসাইট

খানা পর্যায়ে জরিপের তথ্যের সময়: জানুয়ারি থেকে ডিসেম্বর, ২০১৬

গবেষণার সময়: জুন ২০১৬ থেকে আগস্ট ২০১৭

গবেষণা পদ্ধতি: জরিপের নমুনায়ন

বিভাগ অনুযায়ী ইউডিসির তালিকা (Sampling Frame) তৈরি করে বহু পর্যায় বিশিষ্ট গুচ্ছ নমুনায়ন (Multi Stage Cluster Sampling) পদ্ধতিতে এ জরিপের খানাসমূহ নির্বাচন করা হয়েছে



বিশ্লেষণ কাঠামো

গবেষণার উদ্দেশ্য	ইউডিসি প্রতিষ্ঠার উদ্দেশ্য	গবেষণার নির্দেশক
▪ সেবা সহজলভ্য করতে ইউডিসি'র ভূমিকা	▪ তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সরকারি, বাণিজ্যিক ও বিভিন্ন তথ্য সেবা গ্রামীণ জনগোষ্ঠীর কাছে সহজলভ্য করা	▪ ইউডিসি'র সেবার ব্যাপ্তি ▪ সেবা প্রাপ্তিতে সময়, মূল্য ও সেবা প্রাপ্তির জন্য গমন/ভিজিট (টিসিভি) ▪ সেবাগ্রহীতার সন্তুষ্টি
▪ ইউডিসি'র কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনায় বিদ্যমান চ্যালেঞ্জ বা প্রভাব	▪ সেবা সহজলভ্য করা, দক্ষ ও স্বনির্ভর জনবল তৈরী ও কর্মসংস্থান সৃষ্টির জন্য সরকারি - বেসরকারি অংশীদারিত্বের ধারণার আলোকে ইউডিসিকে স্থানীয় পর্যায়ে প্রতিষ্ঠিত করা ▪ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মদক্ষতা বৃদ্ধিতে সহযোগী ভূমিকা রাখা	▪ ইউডিসি পরিচালনা - ✓ অবকাঠামো, যন্ত্রপাতি ও লজিস্টিকস ✓ উদ্যোক্তার নির্বাচন প্রক্রিয়া ✓ নারী-পুরুষ উভয় পদে উদ্যোক্তার উপস্থিতি ✓ উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও সক্ষমতা ✓ উদ্যোক্তার দৈনিক উপস্থিতি ✓ ইউডিসি'র প্রযুক্তিগত সক্ষমতা ✓ তথ্য প্রকাশ ও প্রচার ✓ ইউপি'র প্রশাসনিক কাজে সহায়তা ✓ ইউডিসি'র আয়, ব্যয় ও বিনিয়োগ ▪ তদারকি ব্যবস্থা
▪ সেবা কার্যক্রমে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় ইউডিসি'র উদ্যোগের সফলতা ও সম্ভাবনা	▪ সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে সেবা প্রাপ্তির ক্ষেত্রে সময়, মূল্য ও গমন/ভিজিটের তুলনামূলক হ্রাস ▪ ডিজিটাল সেবা প্রদানের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে প্রযুক্তিগত বৈষম্য হ্রাস	▪ সেবা সহজীকরণের ক্ষেত্রে অর্জন ও চ্যালেঞ্জ ▪ অনিয়ম-দুর্নীতির অভিজ্ঞতার তুলনা ▪ অংশীজনদের ভুমিকা পালনে চ্যালেঞ্জ

গবেষণার ফলাফল

নাগরিক সেবায় ইউডিসি'র অর্জন

- তৃণমূল পর্যায়ে জনগণের কাছে সরকারি, বাণিজ্যিক ও তথ্য সেবা ডিজিটাল পদ্ধতিতে দ্রুত ও সহজলভ্য করতে একটি সম্ভাবনাময় উদ্যোগ; ২০১৬ সালে ইউডিসি থেকে গ্রামাঞ্চলের প্রায় এক তৃতীয়াংশ খানার বিভিন্ন ধরনের সেবা গ্রহণ, সেবাগ্রহীতাদের ৬০.৭% সার্বিকভাবে ইউডিসি'র সেবায় সন্তুষ্ট
- কেন্দ্র ও জেলা পর্যায় থেকে প্রদানকৃত সরকারি সেবাসমূহ (জমির পর্চা উত্তোলনের আবেদন, প্রবাসী শ্রমিক নিবন্ধন, হজ্ব নিবন্ধন ইত্যাদি) ইউনিয়ন পর্যায়ে প্রদান শুরু করায় সেবা গ্রহণের মাধ্যমে অর্থ ব্যয়, সেবার জন্য গমন সংখ্যা ও সময় হ্রাসের সুযোগ সৃষ্টি হয়েছে
- জরিপের তথ্য অনুযায়ী ইউডিসি থেকে ডিজিটাল সেবা প্রবর্তনের কারণে অনেক ক্ষেত্রে (জমির পর্চা উত্তোলনের আবেদন, পাসপোর্টের আবেদন ফরম পূরণ) সেবাগ্রহীতা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সরাসরি সংযোগ হ্রাস পাওয়ায় নিয়ম বহির্ভূত অর্থ লেনদেনের ঝুঁকি হ্রাস পেয়েছে
- উল্লেখযোগ্য সংখ্যক যন্ত্রপাতি অচল, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবারহের অপর্যাপ্ততা ও ইন্টারনেটের ধীর গতি সত্ত্বেও ইউডিসিসমূহ উল্লেখযোগ্য সংখ্যক জনগোষ্ঠীকে সেবা প্রদান করছে
- ইউপি'র তহবিল থেকে ৫০% ইউডিসি সহায়তা না পেলেও তাদের মাসিক গড় মুনাফা সার্বিক গড় মুনাফার প্রায় সমান
- প্রযুক্তিগত প্রশিক্ষণের মাধ্যমে গ্রামাঞ্চলে দক্ষ জনশক্তি তৈরিতে ইউডিসি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে
- ইউনিয়ন পরিষদের সেবাসমূহ ডিজিটাল তথ্যভাণ্ডারে নথিভুক্ত হওয়ায় ইউপি'র প্রশাসনিক কার্যক্রম গতিশীল হয়েছে

নাগরিক সেবায় ইউডিসি'র সম্ভাবনা

- স্থানীয় পর্যায়ে বিভিন্ন সেবা সম্পর্কে ব্যাপক প্রচারণা ও সেবার বিস্তৃতির মাধ্যমে আয় ও মুনাফা বৃদ্ধির সুযোগ আছে, যা ইউডিসি টেকসইকরণে সহায়ক হবে
- সকল প্রতিষ্ঠানের সেবাসমূহ সম্পূর্ণ ডিজিটাইজড করার মাধ্যমে বিভিন্ন সেবা সমন্বিতভাবে প্রদানের প্রবর্তন করে সেবা সহজীকরণের সুযোগ রয়েছে, যা সেবাগ্রহীতাদের সেবার জন্য অর্থ ব্যয়, সময় এবং গমন সংখ্যা হ্রাসে অধিকতর সহায়ক হবে
- সরকারি সেবাসমূহের ব্যাপ্তি প্রসার ও বহুমুখী করার মাধ্যমে সেবাগ্রহীতার সাথে কেন্দ্রীয় ও জেলা পর্যায়ের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সরাসরি সংযোগ কমবে এবং সেবা প্রাপ্তির ক্ষেত্রে হয়রানি, অনিয়ম ও দুর্নীতির সম্ভাবনা হ্রাস পাবে
- ডিজিটাইজড পদ্ধতিতে বিভিন্ন ধরনের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা জনগণের কাছে স্থানীয় সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি হয়েছে
- ইউডিসি'র মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে প্রযুক্তিগত প্রশিক্ষণের সুযোগ প্রান্তিক জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থানের সম্ভাবনাকে আরও সম্প্রসারিত করেছে
- ইউডিসি'র উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় পর্যায়ে প্রত্যাশিত মাত্রায় সরকারি-বেসরকারি অংশীদারিত্বের এই মডেলের কার্যকরতা প্রতিফলনের সুযোগ তৈরী হয়েছে

ইউডিসি'র সেবায় সেবাগ্রহীতাদের সন্তুষ্টি (সেবাগ্রহীতার হার)



ইউডিসি পরিচালনা

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
অবকাঠামো, যন্ত্রপাতি ও লজিস্টিকস	জরিপকৃত ইউডিসিসমূহে কম্পিউটার/ল্যাপটপ, প্রিন্টার, ক্যামেরা, ফটোকপি মেশিনের মতো একান্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি ৩২%-৪২% অচল রয়েছে (সারণি: ১)	▪ ইউডিসিসমূহে উল্লেখযোগ্যসংখ্যক যন্ত্রপাতি অচল থাকায় সেবা প্রদানে মন্থর গতি ▪ দীর্ঘমেয়াদে প্রতিষ্ঠাকালীন যন্ত্রপাতির প্রতিস্থাপন প্রক্রিয়া সম্পর্কে সুনির্দিষ্ট নির্দেশনার ঘাটতি ▪ প্রান্তিক অঞ্চলসমূহে যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণে দক্ষ জনবলের অপ্রতুলতা
উদ্যোক্তা নির্বাচন: ✓ **বিজ্ঞপ্তি** (*পরিপত্রে কোনো উল্লেখ নেই*) ✓ **নির্বাচনী পরীক্ষা** (*ইউডিসি ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উদ্যোক্তা নির্বাচনের উল্লেখ থাকলেও পুরো প্রক্রিয়া সম্পর্কে নির্দেশনা নেই*)	▪ ৩২% (২৯টি) ইউডিসি'তে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক স্বপ্রণোদিত হয়ে বিজ্ঞপ্তি প্রকাশ, ৬৮% (৬২টি) ইউডিসিতে বিজ্ঞপ্তি প্রকাশ হয়নি ▪ ৮৭% (৭৯টি) ইউডিসিতে ব্যবস্থাপনা কমিটির ক্ষমতাবলে উদ্যোক্তা নির্বাচন, এসকল ইউডিসি'র ২০টিতে বিজ্ঞপ্তি প্রকাশ ▪ ১৩% (১২টি) ইউডিসিতে পরীক্ষার মাধ্যমে উদ্যোক্তা নির্বাচন, এসকল ইউডিসি'র ৯টিতে বিজ্ঞপ্তি প্রকাশ	▪ পরিপত্রে বিজ্ঞপ্তি প্রকাশের বিষয় উল্লেখ না থাকা ▪ উদ্যোক্তা নির্বাচনে স্বচ্ছতার ঘাটতি ▪ কোনো কোনো ক্ষেত্রে (১৫ জন মূখ্য তথ্যদাতা) রাজনৈতিক বিবেচনা (স্থানীয় জনপ্রতিনিধির প্রভাব) ও স্বজনপ্রীতির মাধ্যমে উদ্যোক্তা নির্বাচনের সুযোগ তৈরী ▪ স্থানীয়ভাবে যোগ্য নারী উদ্যোক্তা না পাওয়ায় কোনো কোনো ক্ষেত্রে (৯ জন মূখ্য তথ্যদাতা) পুরুষ উদ্যোক্তার পরিবারের কোনো নারী সদস্যকে উদ্যোক্তা হিসেবে নির্বাচন

ইউডিসি পরিচালনা (চলমান.. ..)

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
ইউডিসি'তে নারী ও পুরুষ উভয় পদে উদ্যোক্তার উপস্থিতি *(প্রতিটি ইউডিসিতে ১ জন নারী ও ১ জন পুরুষ উদ্যোক্তা নির্বাচনের বিধান)*	▪ ৭৬% ইউডিসিতে নারী-পুরুষ উভয় উদ্যোক্তা আছে ▪ ২৩% ইউডিসিতে শুধু পুরুষ ও ১% ইউডিসিতে শুধু নারী উদ্যোক্তা আছে	স্থানীয়ভাবে যোগ্য নারী উদ্যোক্তা না পাওয়ায় ও বিয়ে হয়ে অন্যত্র চলে যাওয়ায় অনেক সেন্টারে নারী উদ্যোক্তার পদ শূন্য থাকা
উদ্যোক্তার শিক্ষাগত যোগ্যতা *(পরিপত্রে কোনো উল্লেখ নেই)*	৮৬% উদ্যোক্তার শিক্ষাগত যোগ্যতা উচ্চ-মাধ্যমিক ও তদূর্ধ্ব	-
বিকল্প উদ্যোক্তা নির্বাচন *(১ জন নারী ও ১ জন পুরুষ বিকল্প উদ্যোক্তা হিসেবে নির্বাচন)*	৮% ইউডিসিতে বিকল্প উদ্যোক্তা আছে	পরিপত্রে বিকল্প উদ্যোক্তা নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে সুনির্দিষ্ট নির্দেশনার ঘাটতি
উদ্যোক্তার দৈনিক উপস্থিতি *(পরিপত্রে কোনো উল্লেখ নেই)*	পুরুষ উদ্যোক্তা মাসে গড়ে ২৪ দিন এবং নারী উদ্যোক্তা মাসে গড়ে ১৫ দিন উপস্থিত থাকেন	বিভিন্ন সামাজিক প্রতিবন্ধকতার কারণে নারী উদ্যোক্তাদের অনিয়মিত উপস্থিতি
উদ্যোক্তার প্রশিক্ষণ ও সক্ষমতা	উদ্যোক্তাদের মধ্যে সর্বোচ্চ (৮৯%) কম্পিউটার বেসিক প্রশিক্ষণ পেয়েছে, কিছু কিছু ক্ষেত্রে আয়বর্ধক বিষয়ের ওপরও প্রশিক্ষণ দেওয়া হয়েছে (সারণি: ২)	স্থানীয় পর্যায়ে দক্ষ ও যোগ্য প্রার্থী না থাকায় কোনো কোনো এলাকায় স্বল্প দক্ষতাসম্পন্ন পরিচিত লোক নির্বাচন করার ফলে সেবা দেওয়ার গুণগত মানের ক্ষেত্রে সক্ষমতা হ্রাস

ইউডিসি পরিচালনা (চলমান.. ..)

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
উদ্যোক্তার চুক্তির মেয়াদ *(পরিপত্রে কোনো উল্লেখ নেই)*	জরিপকৃত ইউডিসিসমূহে উদ্যোক্তাদের সাথে ৩-৫ বছর মেয়াদী চুক্তি করা হয়	▪ কোনো কোনো ক্ষেত্রে ইউপি'র নেতৃত্বে পরিবর্তন, সচিবের সাথে পারস্পরিক সমঝোতা সম্পর্কের ঘাটতির কারণে উদ্যোক্তার সাথে চুক্তি নবায়ন না হওয়ার ঝুঁকি ▪ উদ্যোক্তাদের স্বল্পমেয়াদী চুক্তি হওয়ায় দীর্ঘমেয়াদী বিনিয়োগে তাদের অনাগ্রহ
ইউডিসি'র প্রযুক্তিগত সক্ষমতা	▪ সর্বোচ্চ ৯৮% ইউডিসিতে সিম মোডেম ব্যবহৃত হয়; কোনো কোনো ইউডিসিতে একাধিক ধরনের সংযোগ ব্যবহৃত (সারণি: ৩) ▪ ৩৮% ইউডিসিতে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের বিকল্প উৎস (সৌর প্যানেল, আইপিএস, জেনারেটরের) রয়েছে	▪ ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে সিম মোডেম ব্যবহারের আধিক্য থাকায় ইন্টারনেটের ধীর গতি দেখা যায়, ফলে অধিকাংশ ইউডিসি'তে অনলাইন সেবা প্রদান বিলম্বিত হয় ▪ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের অপ্রতুলতার কারণে সেবা প্রদান ব্যহত
তথ্য প্রকাশ ও প্রচার	▪ অধিকাংশ খানা পরিবারের সদস্য, প্রতিবেশী, গ্রামবাসী এবং ইউনিয়ন পরিষদে কোনো কাজে গিয়ে, ৩৩.৪% খানা মাইকিং, সভা-সমাবেশ ও তথ্য বোর্ড/ব্যানারের মাধ্যমে ইউডিসি সম্পর্কে অবগত হয়েছে (সারণি: ৪) ▪ ৪৫% ইউডিসিতে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত বোর্ড রয়েছে	▪ স্থানীয় পর্যায়ে ইউডিসি'র সেবার ব্যাপ্তি সম্পর্কে প্রচারণার ঘাটতির কারণে জরিপে অন্তর্ভুক্ত ৭৯.৬% খানা ইউডিসি'র নাম জানলেও সেবাসমূহের ব্যাপ্তি সম্পর্কে জানে না ▪ স্থানীয় পর্যায়ে ব্যানার/তথ্যবোর্ড নষ্ট হলে প্রতিস্থাপনের উদ্যোগে ঘাটতি

ইউডিসি পরিচালনা (চলমান.. ..)

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
ইউডিসি কর্তৃক সেবা প্রদান	▪ ইউডিসিগুলো প্রতিদিন গড়ে ৯ ঘন্টা এবং সপ্তাহে গড়ে ৬ দিন খোলা থাকে ▪ মাসে গড়ে ৭৮৫ জন (*নারী: ২৩০ জন; পুরুষ: ৫৫৫ জন*), দৈনিক গড়ে ২৬ জন (*নারী: ৮ জন; পুরুষ: ১৮ জন*) সেবাগ্রহীতাকে সেবা প্রদান করে (সারণি: ৫) (**তথ্যের সময় ডিসেম্বর ২০১৬*)	▪ উদ্যোক্তার সক্ষমতার ভিন্নতা ও স্থানীয়ভাবে সকল সেবার চাহিদা একরকম না হওয়ায় সকল ইউডিসিতে সকল ধরনের সেবা একইভাবে সহজলভ্য নয় ▪ এলাকাভেদে সেবার চাহিদা ও জনগণের ক্রয়ক্ষমতার প্রেক্ষিতে এবং উদ্যোক্তার সক্ষমতার ভিত্তিতে বাণিজ্যিক সেবা প্রবর্তন করা হয়
ইউডিসি থেকে সেবা গ্রহণ	▪ জরিপে অংশগ্রহণকারীদের ৩০.৮% খানা ২০১৬ সালে ইউডিসি থেকে সেবা নিয়েছে (সারণি: ৬) ▪ জরিপকৃত এলাকার ইউডিসিসমূহ থেকে ২০১৬ সালে সবচেয়ে বেশী (৭১.৮%) সেবাগ্রহীতা জন্মনিবন্ধন সেবা গ্রহণ করেছেন; বিভিন্ন তথ্য সেবা নিয়েছন সবচেয়ে কম সেবাগ্রহীতা (০.৪%) (সারণি: ৭)	▪ সেবামূল্য (সার্ভিস চার্জ) সম্পর্কে সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় একই সেবার জন্য এলাকাভেদে সেবামূল্যের তারতম্য ▪ জরিপকৃত ইউডিসিসমূহে সরকারি সেবার ক্ষেত্রে সরকারি ফি’র বিপরীতে রশিদ প্রদান না করা

ইউডিসি পরিচালনা (চলমান.. ..)

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
ইউপি'র প্রশাসনিক কাজে সহায়তা *(ইউপি সেবার বিপরীতে সার্ভিস চার্জের বিনিময়ে বিভিন্ন প্রশাসনিক কাজে ইউডিসিকে সম্পৃক্ত করবে)*	উল্লেখযোগ্য প্রশাসনিক কাজের ধরন - ➢ সামাজিক নিরাপত্তা কর্মসূচীর তালিকা প্রস্তুত ও প্রিন্ট; ➢ বিভিন্ন নোটিস ও চিঠি কম্পোজ ও প্রিন্ট; ➢ বিভিন্ন মিটিং-এর সিদ্ধান্ত ও হিসাব সম্পর্কিত তথ্য কম্পোজ ও প্রিন্ট; ➢ গ্রাম আদালতের সিদ্ধান্ত কম্পোজ; ➢ বিভিন্ন উপকারভোগীদের ছবি প্রিন্ট (সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতাভুক্ত করতে ছবি প্রিন্ট করার ক্ষেত্রে আর্থিকভাবে অপারগ উপকারভোগীদের ছবি ইউপি ইউডিসি থেকে প্রিন্ট করে) ➢ ই-মেইল; ➢ ফটোকপি, ইত্যাদি	▪ কোনো কোনো ইউপি প্রশাসনিক কাজ করালেও ইউডিসিকে সেই সেবার বিপরীতে সার্ভিস চার্জ পরিশোধ করে না
সেবায় সহজলভ্যতা	▪ ৯৩.২% সেবাগ্রহীতা সময়সূচি অনুযায়ী উদ্যোক্তাদের পেয়েছেন ▪ অধিকাংশ সেবাগ্রহীতা (৫১.৪%) একবার গিয়েই সেবা পেয়েছেন (সারণি: ৮)	গমন সংখ্যা কমিয়ে সেবা সহজীকরণের ক্ষেত্রে চ্যালেঞ্জ বিদ্যমান কারণ অধিকাংশ সেবাই আংশিক ডিজিটাইজড (যেমন: জন্ম নিবন্ধন, জমির পর্চা সংগ্রহ ইত্যাদি)

ইউডিসি পরিচালনা (চলমান.. ..)

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
সেবা প্রাপ্তিতে সময়, অর্থ ব্যয় ও গমন সংখ্যা	▪ জরিপকৃত এলাকায় জন্মনিবন্ধনের ক্ষেত্রে ৩৬.৪% সেবাগ্রহীতা একবার ইউডিসিতে গিয়ে সেবা গ্রহণ করলেও ৬৩.৬% সেবাগ্রহীতাদের একাধিকবার ইউডিসিতে যেতে হয়েছে (সারণি: ৯) ▪ জরিপকৃত ইউডিসি থেকে জমির পর্চা উত্তোলনের আবেদন (সারণি: ১০; পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য) ও পাসপোর্টের ফরম পূরণ (সারণি: ১১; পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য) করার ক্ষেত্রে তুলনামূলকভাবে সময়, অর্থ ব্যয় ও গমন সংখ্যার হ্রাস	▪ সেবাসমূহের ব্যাপ্তি বৃদ্ধিতে প্রচারণার ঘাটতি ▪ সরকারি সকল সেবাসমূহ সমন্বিতভাবে ডিজিটাইজড হওয়ার ক্ষেত্রে অসম্পূর্ণতা
ইউডিসি'র মাসিক আয়, ব্যয় ও মুনাফা	▪ জরিপকৃত ইউডিসিসমূহের মাসিক গড় আয় ২২,২২১ টাকা, গড় বিনিয়োগ ও ব্যয় ৬,৪১৮ টাকা ও গড় মুনাফা ১৫,৮০৩ টাকা (সারণি: ১২; পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য) ▪ জরিপকৃত ইউডিসি'র ৫০% প্রত্যাশিত মাত্রায় আর্থিকভাবে সক্ষমতা না থাকায় এলজিএসপি (৩৪টি) ও ইউনিয়ন পরিষদ (২৫টি) থেকে সংশ্লিষ্ট ইউপি'র তহবিলের পর্যাপ্ততার সাপেক্ষে রক্ষণাবেক্ষণ বাবদ সহায়তা পায় যার অর্থমূল্য ইউডিসি প্রতি মাসিক গড়ে ৪,৩৫৩ টাকা (সারণি: ১৩; পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য) ▪ প্রায় ৪২% ইউডিসি সার্বিক গড় মুনাফার (১৫,৮০৩ টাকা) থেকে বেশী মুনাফা করে, যেখানে বাণিজ্যিক সেবা প্রদানের হারও বেশি (৭৫%-এর অধিক ক্ষেত্রে)	কোনো কোনো ইউডিসিতে (১৪.৯%) আয় তুলনামূলক কম (গড়ে মাসিক ৫০০০ টাকার কম), উপরন্তু মুনাফা কীভাবে বন্টন করা হবে সে সম্পর্কে নির্দেশনা না থাকায় পুরুষ উদ্যোক্তা কর্তৃক নারী উদ্যোক্তাকে কাজে সম্পৃক্ত করতে উৎসাহিত না করা

ইউডিসি পরিচালনা (চলমান.. ..)

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ/প্রভাব
অংশীজনদের ভূমিকা	**ব্যবস্থাপনা কমিটি:** ▪ পরিপত্রে উদ্যোক্তাদের প্রতিযোগিতামূলক নির্বাচন পদ্ধতি, প্রয়োজনীয় প্রযুক্তিগত দক্ষতা বিষয়ক নির্দেশনা ও চুক্তির মেয়াদ, উদ্যোক্তাদের মধ্যে মুনাফা বন্টনের নির্দেশনা, সেবামূল্য (সার্ভিস চার্জ) এবং ইউপি থেকে সহায়তা পাওয়ার শর্তাবলী সম্পর্কে সুনির্দিষ্ট নির্দেশনা না থাকা ▪ সম্প্রতিকালে উল্লেখযোগ্য সংখ্যক নতুন চেয়ারম্যান ও মেম্বার নির্বাচিত হওয়ায় তাদের ইউডিসি'র কার্যক্রম সম্পর্কে ধারনার ঘাটতি	▪ কোনো কোনো ক্ষেত্রে ইউডিসি'র কার্যক্রমের ব্যাপ্তি ও সক্ষমতা বৃদ্ধিতে প্রতিবন্ধকতা সৃষ্টি
	ইউএনও কার্যালয় ও জেলা প্রশাসন: ▪ উল্লেখযোগ্য সংখ্যক জেলা ও উপজেলায় 'এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার'-পদের অপর্যাপ্ততা ▪ কোনো কোনো উপজেলায় ইউডিসি'র সক্ষমতা প্রমাণের উদ্দেশ্যে ইউএনও অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রকৃত আয়ের তুলনায় বেশি পরিমাণ আয় অনলাইনে দৈনিক প্রতিবেদনে উল্লেখ করতে চাপ সৃষ্টি	▪ কারিগরি সহায়তা দেওয়ার ক্ষেত্রে ঘাটতি ▪ ইউডিসি'র প্রকৃত আয়ের তথ্য সম্পর্কে ধারণা না পাওয়া
	এটুআই প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষ: ▪ সেবা প্রদানকারী সকল প্রতিষ্ঠানসমূহের অপূণার্ঙ্গ ডিজিটাইজেশন ▪ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের অপর্যাপ্ততা	▪ বিভিন্ন ধরনের সেবা সমন্বিতভাবে দিতে না পারা ▪ সেবা প্রদানে মন্থর গতি

ইউডিসি পরিচালনা: ইউডিসি'র কার্যক্রম তদারকি

নির্দেশক	বাস্তবতা	চ্যালেঞ্জ
দৈনিক প্রতিবেদন *(দৈনিক প্রতিবেদন এটুআই নির্ধারিত ডেটাবেইজে প্রতিদিন এন্ট্রি দেওয়া)*	▪ ৬৭% উদ্যোক্তা নিয়মিত (প্রতিদিন) দৈনিক প্রতিবেদন এন্ট্রি দেন ▪ ২৫.২% নিয়মিত এন্ট্রি দেন না	কোনো কোনো উদ্যোক্তা (৭.৮%) দীর্ঘদিন ধরে প্রতিবেদন এন্ট্রি দেন না
মাসিক প্রতিবেদন *(প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির সভায় অগ্রগতি প্রতিবেদন দেওয়া এবং ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পর্যালোচনা এবং ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইউডিসি'র প্রচারণা ও টেকসইকরণে কার্যকর ভূমিকা পালন)*	▪ ৫৫.৩% উদ্যোক্তা ইউডিসি'র ব্যবস্থাপনা কমিটির কাছে মাসিক প্রতিবেদন জমা দেন ▪ প্রয়োজন সাপেক্ষে আলোচনা করে ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে	কোনো কোনো ইউপি চেয়ারম্যানের ধারণা কম থাকায় তদারকির ক্ষেত্রে অনাগ্রহ এবং ইউডিসি'র প্রচারণা ও টেকসইকরণে কার্যকর ভূমিকা পালনে দায়িত্ববোধের ঘাটতি
ইউএনও কার্যালয় কর্তৃক তদারকি *(মাসিক সমন্বয় সভায় ইউডিসি'র অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা এবং অনলাইনে সরাসরি ইউডিসি'র প্রতিদিনের কার্যবিবরণী পর্যবেক্ষণ)*	▪ ইউএনও সরাসরি কোনো কোনো ইউডিসি ভিজিট করেন ▪ এছাড়াও ইউএনও, ইউপি সচিব/উদ্যোক্তাকে ফোনে যোগাযোগ করে, ইউএনও কার্যালয়ে সরাসরি উদ্যোক্তার সাথে সাক্ষাতের মাধ্যমে এবং ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ইউডিসি'র অগ্রগতি ও চ্যালেঞ্জ সম্পর্কে অবগত হন	কোনো কোনো উপজেলায় পর্যাপ্ত লোকবলের অভাবে সরাসরি ইউডিসিতে গিয়ে এর কার্যক্রম তদারকিতে ঘাটতি
তথ্য সংরক্ষণ *(পরিপত্রে উল্লেখ নেই)*	৩৫% উদ্যোক্তা প্রদানকৃত সেবা ও সেবাগ্রহীতা সম্পর্কিত তথ্য (সেবাগ্রহীতার নাম, ঠিকানা ও স্বাক্ষর; সেবার ধরন ও মূল্য ইত্যাদি) নিয়মিত রেজিস্টারভুক্ত করেন	নীতিমালায় নির্দেশনার অনুপস্থিতি

ইউডিসি'র টেকসইকরণে সার্বিক চ্যালেঞ্জসমূহ

- ইউডিসি পরিচালনার জন্য প্রয়োজনীয় কিছু বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা না থাকা -
  - ✓ *উদ্যোক্তা নির্বাচন প্রক্রিয়া*
  - ✓ *উদ্যোক্তার প্রযুক্তিগত প্রয়োজনীয় দক্ষতার নির্দেশনা*
  - ✓ *চুক্তির মেয়াদ*
  - ✓ *উদ্যোক্তাদের মধ্যে মুনাফা বন্টনের নির্দেশনা*
  - ✓ *তথ্য সংরক্ষণ ও তদারকির ক্ষেত্রে অংশীজনদের জন্য নির্দেশনা*
  - ✓ *সেবামূল্য (সার্ভিস চার্জ) সম্পর্কে নির্দেশনা*
  - ✓ *ইউপি থেকে সহায়তা পাওয়ার নির্দিষ্ট শর্তাবলি*

- ইউডিসির কার্যক্রমের গুণগত মান নিশ্চিত করতে কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতার ঘাটতি -
  - ✓ ইন্টারনেট ও সার্ভারের ধীর গতি
  - ✓ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের অপর্যাপ্ততা

ইউডিসি'র টেকসইকরণে সার্বিক চ্যালেঞ্জসমূহ (চলমান .. ..)

- সেবা প্রদানকারী সকল প্রতিষ্ঠানসমূহের সম্পূর্ণ ডিজিটাইজেশন না হওয়ায় বিভিন্ন ধরনের সেবা সমন্বিতভাবে প্রদানের ব্যবস্থা প্রবর্তন করতে না পারা
- অচল যন্ত্রপাতি মেরামত/নতুনভাবে ক্রয়ের মাধ্যমে প্রতিস্থাপন করার নির্দেশনার ঘাটতি
- ইউডিসি'র সেবার ধরন ও ব্যাপ্তি সম্পর্কে স্থানীয় পর্যায়ে প্রচারণার অপ্রতুলতা
- তৃণমূল পর্যায়ের জনপ্রতিনিধিদের একাংশের মধ্যে ইউডিসি'র বিকাশ ও টেকসইকরণে অনুঘটকের ভূমিকা পালনে দায়িত্ববোধের ঘাটতি
- উল্লেখযোগ্য সংখ্যক উদ্যোক্তার মাঝে 'সরকারি-বেসরকারি অংশীদারিত্ব' সম্পর্কে ধারণার ঘাটতি এবং সরকারি চাকরিতে আত্মীকরণের প্রত্যাশা

সুপারিশ

নীতিমালা সম্পর্কিত:

১. ইউডিসি পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য নিম্নের বিষয়সমূহ উল্লেখপূর্বক সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করতে হবে-

- ✓ উদ্যোক্তাদের নির্বাচন পদ্ধতি
- ✓ উদ্যোক্তার প্রযুক্তিগত প্রয়োজনীয় দক্ষতা বিষয়ক নির্দেশনা
- ✓ উদ্যোক্তার চুক্তির মেয়াদ
- ✓ উদ্যোক্তাদের মধ্যে মুনাফা বন্টনের নির্দেশনা
- ✓ ইউডিসি'র কার্যক্রম তদারকির ক্ষেত্রে সংশ্লিষ্ট অংশীজনদের জন্য নির্দেশনা
- ✓ সেবা মূল্য (সার্ভিস চার্জ) সম্পর্কে নির্দেশনা
- ✓ ইউপি থেকে সহায়তা পাওয়ার নির্দিষ্ট শর্তাবলি

প্রাতিষ্ঠানিক সক্ষমতা/কার্যদক্ষতা বৃদ্ধি সম্পর্কিত:

২. প্রকল্প হিসেবে ইউডিসি'র টেকসইকরণের সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ বিবেচনায় নিয়ে সম্ভাব্যতা যাচাইপূর্বক এই প্রতিষ্ঠানের স্থায়ী প্রাতিষ্ঠানিকীকরণের উদ্যোগ নিতে হবে

৩. এটুআই-এর মূল উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ সেবাসমূহের অগ্রাধিকার দিয়ে বর্তমানের সেবাসমূহের ব্যাপ্তি ও প্রসার সকল ইউডিসিতে একই রকম হতে হবে

৪. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিকল্প উৎস হিসেবে আইপিএস (ইনস্ট্যান্ট পাওয়ার সাপ্লাই)-এর ব্যবস্থা করতে হবে

সুপারিশ (চলমান .. ..)

৫. ইন্টারনেটের দ্রুত গতির জন্য সকল ইউপিতে অপটিক ফাইবারের মাধ্যমে ইন্টারনেট সংযোগ দ্রুত নিশ্চিত করতে হবে

৬. অচল যন্ত্রপাতি মেরামত/নতুনভাবে ক্রয়ের মাধ্যমে এবং নষ্ট ব্যানার/তথ্যবোর্ডের পরিবর্তে নতুন ব্যানার/তথ্যবোর্ড সংযুক্ত করার মাধ্যমে প্রতিস্থাপনের ব্যবস্থা করতে হবে

৭. সরকারি সেবার বিপরীতে সরকারি ফি ও সেবামূল্য (সার্ভিস চার্জ) পৃথকভাবে উল্লেখপূর্বক রশিদ প্রদান করতে হবে

৮. সেবা সহজীকরণের জন্য পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে সকল প্রতিষ্ঠানে পরিপূর্ণ ও সমন্বিত ডিজিটাইজড সেবা প্রবর্তন করতে হবে, এক্ষেত্রে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের বিবেচনা করা যেতে পারে

৯. উদ্যোক্তাদের তথ্যসেবা প্রদানের সক্ষমতা যাচাইপূর্বক প্রয়োজনীয় কারিগরি প্রশিক্ষণ এবং তাদেরকে বিনিয়োগে আরও উৎসাহিত করার জন্য সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ধারণা সম্পর্কে ওরিয়েন্টেশনের ব্যবস্থা করতে হবে

অংশীজনদের সম্পৃক্ততা বৃদ্ধি সম্পর্কিত

১০. স্থানীয়ভাবে মাইকিং, লিফলেট প্রকাশ, উঠান বৈঠক, স্থানীয় স্যাটেলাইট চ্যানেলে বিজ্ঞাপন এবং জাতীয়ভাবে বিটিভিতে টিভিসি'র মাধ্যমে ইউডিসি'র সেবার ব্যাপ্তি সম্পর্কে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে; বিশেষ করে, ইউডিসি থেকে সেবা গ্রহণের ক্ষেত্রে ব্যয় সাশ্রয়ের দিকটি প্রচার করতে হবে

১১. নির্বাচিত নতুন জনপ্রতিনিধিদের ইউডিসি এবং ই-সেবার গুরুত্ব সম্পর্কে প্রাথমিক ধারণা (ওরিয়েন্টেশন) দিতে হবে

ধন্যবাদ